

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য : পশ্চিমবঙ্গ

তারিখ- ০৫.০৯.২০২২

গত ৪ দিনের সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০১.০৯.২০২২ থেকে ০৪.০৯.২০২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্য্যন্ত)

উক্ত সময়ের মধ্যে

০১ সেপ্টেম্বর: হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি, দার্জিলিং ও কালিম্পং জেলাগুলোর দু-এক জায়গায় প্রবল ভারী বৃষ্টিপাত হয়েছিল। কালিম্পং জেলার কয়েক জায়গায় এবং দার্জিলিং ও জলপাইগুড়ি জেলাগুলোর দু-এক জায়গায় ভরী থেকে অতি ভারী ধরনের বৃষ্টিপাত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাঁকুড়া ও বীরভূম জেলাগুলোর দু-এক জায়গায় ভরী ধরনের বৃষ্টিপাত হয়েছিল। দক্ষিণ-পশ্চিম মৌসুমিবায়ু, হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোয় সক্রিয় ছিল। হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর অনেক জায়গায়, বৃষ্টিপাত হয়েছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেন্টিমিটার):

সেভক - ২৪ ; বাগরাকোটে - ২৩ ; গজলডোবা - ২২ ; চম্পাসারি - ১৪ ; রঙ্গ , মূর্তি - ১২ ; নাগরাকাটা - ১১ ; বাঁকুড়া - ১০ ; খানিতার - ৯ ; বাগডোগরা , নেওরা , লাভপুর - ৮ ; কালিমপং - ৭ ; নারায়ণপুর - ৬ ; আমতলা , দুমকা , শিলিগুড়ি - ৫ ; দিয়ানা , বাঁকুড়া , লুচিপুর , পানাগড় - ৪।

০২ সেপ্টেম্বর: হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর দু-এক জায়গায়, বৃষ্টিপাত হয়েছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেন্টিমিটার):

নেওরা - ৬ ; দার্জিলিং , কুমারগ্রাম - ৪।

০৩ সেপ্টেম্বর: পূর্ব বর্ধমান , জলপাইগুড়ি ও কোচবিহার জেলাগুলোর দু-এক জায়গায় ভরী ধরনের বৃষ্টিপাত হয়েছিল। হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছিল এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর আবহাওয়া প্রধানতঃ শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেন্টিমিটার):

মাথাভাঙ্গা , দোমোহানী - ৭ ; চম্পাসারি , জলপাইগুড়ি , আমতলা - ৫ ; রঙ্গ , গজলডোবা , বাঁকুড়া - ৪।

০৪ সেপ্টেম্বর: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মূর্শিদাবাদ ও বীরভূম জেলাগুলোর দু-এক জায়গায় ভরী ধরনের বৃষ্টিপাত হয়েছিল। দক্ষিণ-পশ্চিম মৌসুমিবায়ু, গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোয় সক্রিয় ছিল। হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর অনেক জায়গায় বৃষ্টিপাত হয়েছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেন্টিমিটার):

ঘেরোপাড়া, জঙ্গিপুর - ৯; মাঝিয়ান - ৫; সিউড়ি, খঙ্গাপুর ৪; বালুরঘাট, লাভপুর, রামপুরহাট, শ্রীনিকেতন, দুর্গাপুর, পানাগড়, বহরমপুর - ৩।

শুষ্ক ও আর্দ্র জলবায়ুর সম্ভাব্যতা (০৩.০৯.২২ থেকে ০৯.০৯.২২ পর্যন্ত)

জেলা	আর্দ্র	শুষ্ক	জেলা	আর্দ্র	শুষ্ক
বাঁকুড়া	৫৪	৪৬	হাওড়া	৬৭	৩৩
বীরভূম	৫১	৪৯	মূর্শিদাবাদ	৪৯	৫১
বর্ধমান	৪৫	৫৫	নদীয়া	৪১	৫৯
হুগলী	৪৫	৫৫	২৪-পরগনা	৪৯	৫১
পুরুলিয়া	৫৪	৪৬			

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৮২ থেকে ৯৬ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭১ থেকে ৮৯ শতাংশ।

পরবর্তী ৩ দিনের সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যন্ত, আবহাওয়ার পূর্বাভাস (০৬.০৯.২০২২ থেকে ০৮-০৯-২০২২) :

দিন ০১ : পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর অনেক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মূর্শিদাবাদ, বীরভূম, নদীয়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলাগুলোর অনেক জায়গায় আর গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর কয়েক জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। আগামী ৫ দিনে, দিনের তাপমাত্রায়, বড় কোনো পরিবর্তন হবে না।

দিন ০২ : পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর অনেক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মূর্শিদাবাদ, বীরভূম, নদীয়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলাগুলোর অনেক জায়গায় আর গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর কয়েক জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

দিন ০৩ : পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর কয়েক জায়গায় এবং গাঙ্গেয়

পশ্চিমবঙ্গের জেলাগুলোর অনেক জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে ।

সতর্কীকরণ :

দিন ০১ : পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, আলিপুরদুয়ার , উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম ও মূর্শিদাবাদ জেলাগুলোর দু-এক জায়গায় ভারী ধরনের (৭ - ১১ সে মি) বৃষ্টিপাত হবার সম্ভাবনা আছে । পশ্চিমবঙ্গের জেলাগুলোর দু-এক জায়গায় বজ্র-বিদ্যুৎ হবার সম্ভাবনা আছে ।

দিন ০২ : পশ্চিমবঙ্গের জেলাগুলোর দু-এক জায়গায় বজ্র-বিদ্যুৎ হবার সম্ভাবনা আছে ।

দিন ০৩ : কোন সতর্কবার্তা নেই ।

পরবর্তী দু দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত

০৫-০৯-২০২২

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭